

মন্ত্রীর পদমর্যাদা পেলেন ঢাকার দুই মেয়র, না'গঞ্জের মেয়র উপমন্ত্রী

প্রকাশিতঃ জুন ২২, ২০১৬ প্রিন্ট



বিশেষ প্রতিনিধি || ঢাকা সিটি করপোরেশনের দুই মেয়রকে মন্ত্রীর পদমর্যাদা দিয়েছে সরকার। এছাড়া নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র পাচ্ছেন উপ-মন্ত্রীর পদমর্যাদা। এ লক্ষ্যে মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের বলেন, অন্য নগরীগুলোর মেয়রদের কোন পদমর্যাদা দেয়া হয়নি। তিনি বলেন, ঢাকার দুই মেয়রকে মন্ত্রী এবং নারায়ণগঞ্জের মেয়রকে উপমন্ত্রীর পদমর্যাদা দেয়া হয়েছে। অন্য সিটি করপোরেশনগুলোর মেয়রদের কোন পদমর্যাদা দেয়া হয়নি।

সরকারের এই সিদ্ধান্তের ফলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক এবং দক্ষিণের মেয়র সাঈদ খোকন মন্ত্রী এবং নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র সেলিনা হায়াৎ আইভী উপমন্ত্রীর পদমর্যাদা পেলেন।

আগে অবিভক্ত ঢাকা সিটি করপোরেশনের মেয়র মন্ত্রী এবং অন্য সিটি করপোরেশনের মেয়ররা প্রতিমন্ত্রীর মর্যাদা পেলেও ২০০৯ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট সরকার দায়িত্ব নেয়ার পর মেয়রদের কোন পদমর্যাদা দেয়া হয়নি।

আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে এই উদ্যোগ নেয়া হলেও তা আলোর মুখ দেখে না। তবে এর আগে তত্ত্বাবধায়ক সরকার আমলে ২০০৮ সালের ৯ সেপ্টেম্বর মন্ত্রিপরিষদ বিভাগ এক প্রজ্ঞাপনে জানায়, খুলনা, রাজশাহী, বরিশালে ও সিলেট সিটি করপোরেশনের মেয়ররা প্রতিমন্ত্রীর পদমর্যাদাসহ আনুষঙ্গিক সুযোগ-সুবিধা ভোগ করবেন।

চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা, সিলেট ও রংপুরের মেয়রদের সাংসদদের ওপরের মর্যাদা দেয়ার অনুরোধ জানিয়ে ২০১৩ সালের ৮ নবেম্বর তৎকালীন স্থানীয় সরকারমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম এবং প্রতিমন্ত্রী জাহাঙ্গীর কবির নানককে চিঠি দেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

কিন্তু তখন মন্ত্রিপরিষদ বিভাগ এক চিঠিতে জানায়, সিটি করপোরেশনের মেয়রদের মাসিক সম্মানী ভাতা ও অন্যান্য সুবিধার সঙ্গে মন্ত্রী, প্রতিমন্ত্রী কিংবা উপমন্ত্রীর পদমর্যাদার কোন সম্পর্ক আছে বলে প্রতীয় মান হয় না।

নারায়ণগঞ্জ থেকে স্টাফ রিপোর্টার জানান, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়র ডাঃ সেলিনা হায়াৎ আইভী তাঁকে উপমন্ত্রীর মর্যাদা দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নারায়ণগঞ্জবাসীর পক্ষ থেকে অভিনন্দন, কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেন, ২০১১ সালের ৩০ অক্টোবর একটি সুষ্ঠু সুন্দর নির্বাচনের মাধ্যমে নারায়ণগঞ্জের মানুষের ইচ্ছার প্রতিফলন ঘটেছিল। সেই ইচ্ছার প্রতিফলন প্রধানমন্ত্রী পূরণ করেছেন। আমি মনে করি এটা নারায়ণগঞ্জবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশা ছিল। সেটা নারায়ণগঞ্জবাসী পেয়েছে।

